



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জনসংযোগ দপ্তর

ফোন : ০৭৩১-৬৪৯৮১
ফ্যাক্স : ০৭৩১-৬৫১৩৪

তারিখ: ০৭.১০.২০২৩

প্রেস রিলিজ

বিশ্বসেরা ২ শতাংশ গবেষকের তালিকায় পাবিপ্রবির ২ শিক্ষক

বিশ্বসেরা ২ শতাংশ বিজ্ঞান গবেষকের তালিকায় স্থান পেয়েছেন পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (পাবিপ্রবি) দুইজন শিক্ষক। তারা হলেন গণিত বিভাগের অধ্যাপক ড. হারুন-অর-রশিদ এবং সহযোগী অধ্যাপক ড. মো. নূর আলম।

বুধবার (৪ অক্টোবর) যুক্তরাষ্ট্রের স্ট্যানফোর্ড বিশ্ববিদ্যালয় ও গবেষণা প্রতিষ্ঠান এলসেভিয়ারের সম্প্রতি যৌথভাবে এ তালিকা প্রকাশ করেছে। বিজ্ঞানীদের প্রকাশনা, এইচ-ইনডেক্স, সাইটেশন ও অন্যান্য সূচক বিশ্লেষণ করে এ তালিকা প্রস্তুত করা হয়। ড. হারুন-অর-রশিদ রাজশাহী বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগ থেকে স্নাতক ও স্নাতকোত্তর সম্পন্ন করে ২০১৪ সালে রাজশাহী বিশ্ববিদ্যালয় থেকে পিএইচডি ডিগ্রি লাভ করেন। গবেষণা কাজে তার দুটি বই এবং ১০০টির অধিক প্রবন্ধ প্রকাশিত হয়েছে।

ড. মো. নূর আলম রাজশাহী বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগ থেকে স্নাতক ও স্নাতকোত্তর সম্পন্ন করে ২০২০ সালে চীনের 'ইউনিভার্সিটি অব সায়েন্স অ্যান্ড টেকনোলজি অব চায়না' (ইউএসটিসি) থেকে পিএইচডি ডিগ্রি লাভ করেন।

গবেষণা কাজে তার দুটি বই এবং ১০০টির অধিক প্রবন্ধ প্রকাশিত হয়েছে। গত বছরে বিশ্বের ২% গবেষকের তালিকায় পাবিপ্রবির একমাত্র শিক্ষক হিসেবে ড. নূর আলম স্থান পেয়েছিলেন। ড. হারুন-অর-রশিদ বলেন, স্ট্যানফোর্ড বিশ্ববিদ্যালয়ের এবং এলসেভিয়ার থেকে প্রকাশিত বিশ্বের শীর্ষ ২% বিজ্ঞানীদের তালিকায় খুব অল্প সংখ্যক গবেষক স্থান পায়। আমাদের বিশ্ববিদ্যালয় থেকে দুইজন গবেষকের নাম থাকাটা আমাদের বিশাল প্রাপ্তি এবং আনন্দের। আমি মনে করি শুধু বিশ্ববিদ্যালয় নয়, বাংলাদেশের জন্য এটা একটা বড় ক্রেডিট।

ড. নূর আলম বলেন, পাবিপ্রবি ক্যাম্পাসকে নতুন একটি ক্যাম্পাস বলা যেতে পারে, এখানে গবেষণার সুযোগ সুবিধাও তুলনামূলক কম। সে হিসেবে বিশ্বের শীর্ষ ২% বিজ্ঞানীদের তালিকায় নাম আসা আনন্দের। এটা শুধু আমার অর্জন নয়, পুরো বিশ্ববিদ্যালয় পরিবারের। বিশ্ববিদ্যালয় প্রশাসন গবেষণা খাতকে সমৃদ্ধ করার চেষ্টা করে যাচ্ছে, ইতিমধ্যে গবেষণা খাতে বরাদ্দ বাড়িয়েছে এবং রিসার্চ অ্যাওয়ার্ড চালু করেছে, যেটা গবেষণা কাজে শিক্ষক এবং শিক্ষার্থীদের আগ্রহ বাড়িয়েছে। আমি আশা করছি এভাবেই পাবিপ্রবি গবেষণা কাজে এগিয়ে যাবে।



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জনসংযোগ দপ্তর

ফোন : ০৭৩১-৬৪৯৮১
ফ্যাক্স : ০৭৩১-৬৫১৩৪

ড. হারুন-অর-রশিদ এবং ড. নূর আলমের এমন অর্জনে তাদেরকে অভিনন্দন জানিয়েছেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. হাফিজা খাতুন।

বার্তা প্রেরক

(মো. বাবুল হোসেন)

সহকারী পরিচালক

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।